নং- ১৮.১৫.০০০০.০২০.১৮.০৩৬.২০. ৪৫২
তারিখ: ১২ ভাদ্র, ১৪৩০
২৭ আগস্ট, ২০২৩

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
Bangladesh Land Port Authority
স্থলবন্দর ভবন, এফ-১৯/এ, শেরেবাংলা নগর,
আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bsbk.gov.bd

# আদেশ

যেহেতু, জনাব আব্দুল কাদের জিলানী আখাউড়া স্থলবন্দরে ট্রাফিক পরিদর্শক হিসেবে সিনিয়র হওয়ায় সেপ্টেম্বর/২০১৬ হতে ০৫-০৮-২০১৭ তারিখ পর্যন্ত বন্দর প্রধান হিসেবে এবং তৎপরবর্তী অক্টোবর/২০১৮ পর্যন্ত আখাউড়া স্থলবন্দরে (বর্তমানে রামগড় স্থলবন্দর) কর্মরত ছিলেন;

যেহেতু, কর্তৃপক্ষ হতে আখাউড়া স্থলবন্দরের বিগত ০৫ (পাঁচ) বছরের কাস্টমস ও বন্দর কর্তৃক এন্ট্রিকৃত গাড়ির বিষয়ে তথ্য চাওয়ার প্রেক্ষিতে আখাউড়া স্থলবন্দরের উপ-পরিচালক (প্রশাসন) গত ২১-১১-২০১৯ তারিখের ১৮.০৬.১২০২.০২৮.১৬.০০৬.১৯-৫৪৩ নং স্মারকে উল্লেখিত বিষয়ে প্রতিবেদন দাখিল করলে উক্ত প্রতিবেদনে দেখা যায়, সেপ্টেম্বর-২০১৬ হতে অক্টোবর, ২০১৮ পর্যন্ত কাস্টমস কর্তৃক এন্ট্রিকৃত গাড়ির সংখ্যার চেয়ে বন্দর কর্তৃক এন্ট্রিকৃত ১০,৯০৭টি গাড়ির সংখ্যা কম প্রদর্শন করা হয়েছে, উক্ত গাড়ির বন্দর মাশুল (এন্ট্রি ফি ও ভ্যাট) বাবদ প্রাপ্য মোট ১২,৬২,৯০২.৮০/- (বারো লক্ষ বাষট্টি হাজার নয়শত দুই টাকা আশি পয়সা) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাব খাতে জমা প্রদান না করে বন্দর প্রধান হিসেবে তিনি নিজে এককভাবে এবং ০৬-০৮-২০১৭ হতে অক্টোবর/২০১৮ পর্যন্ত বন্দরের সহকারী পরিচালক (ট্রাফিক)সহ পারস্পারিক যোগসাজসে আত্মসাৎ করেছেন মর্মে প্রতীয়মান হয়েছে;

যেহেতু, গাড়ির বন্দর মাশুল সংশ্লিষ্ট হিসাব/তহবিলে জমা না করা বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৪ এর প্রবিধি ৪০ এর (ক) (খ) ও (চ) অনুযায়ী যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' এবং 'চুরি ও আত্মসাৎ'এর পর্যায়ভুক্ত ও শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তার বিরুদ্ধে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধি ৪০ (ক), (খ) ও (চ) অনুযায়ী যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ এবং চুরি ও আত্মসাতের অভিযোগে এ কর্তৃপক্ষের ০২-০২-২০২০ তারিখের ১৮.১৫.০০০০.০২০. ১৮.০৬০.১৮.১২৭ নং স্মারকে বিভাগীয় মামলা (মামলা নং-০৪/২০২০) সূচিত হয়। পরবর্তীতে আনীত অভিযোগের বিষয়ে অধিকতর তদন্ত করার জন্য এ কর্তৃপক্ষের ১৮-০৫-২০২২ তারিখের ২১০ নং স্মারকে ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' এবং চুরি ও আত্মসাৎ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়;

যেহেতু, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৬-০৯-২০১৮ খ্রিঃ তারিখের ০৩.১২.০০০০.০৭৯.০১৬.২৭.২০১৭-৮৯৮(২) নং স্মারকে প্রাপ্ত গোপনীয় প্রতিবেদনের বিষয়ে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সদস্য (ট্রাফিক) জনাব মোঃ মফিদুল ইসলাম কর্তৃক তদন্তক্রমে দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী আখাউড়া স্থলবন্দরে কাস্টম এর হিসাবমতে জানুয়ারি, ২০১৮ হতে অক্টোবর, ২০১৮ পর্যন্ত ৯০৫৮টি গাড়ি প্রবেশ করে কিন্তু ঐ সময়ে রেজিস্টারে তিনি ৪১৯৪টি গাড়ি প্রবেশ দেখিয়েছেন। অর্থাৎ জানুয়ারি ২০১৮ হতে অক্টোবর ২০১৮ পর্যন্ত ৪৮৬৪টি গাড়ি স্থলবন্দরের রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়নি এবং উক্ত গাড়িসমূহের বন্দর মাশুল বাবদ প্রায় ৫,৮৩,০৭৬.৭৭/-(পাঁচ লক্ষ তিরাশি হাজার ছিয়াত্তর টাকা সাতাত্তর পয়সা) টাকা রাজস্ব ক্ষতি/আত্মসাৎ হয়েছে। এই অনিয়ম, দুর্নীতি ও আত্মসাৎ বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধি ৪০ (ক), (খ) ও (চ) অনুযায়ী যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ এবং চুরি ও আত্মসাতের পর্যায়ভুক্ত ও শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তার উক্তরূপ কার্যকলাপের কারণে এ কর্তৃপক্ষের ০২-০১-২০১৯ তারিখের ১৮.১৫.০০০০.০২০. ১৮.০৬০.১৮.০১ নং স্মারকে তার বিরুদ্ধে অপর একটি বিভাগীয় মামলা (মামলা নং-০১/২০১৯) সূচিত হয়। আনীত অভিযোগের বিষয়ে অধিকতর তদন্ত করার জন্য এ কর্তৃপক্ষের ১৮-০৫-২০২২ তারিখের ২০৯ নং স্মারকে ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' এবং 'চুরি ও আত্মসাৎ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়;

যেহেতু, উভয় মামলার (মামলা নং ০১/২০১৯ এবং মামলা নং-০৪/২০২০) তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাপূর্বক জনাব আব্দুল কাদের জিলানী, ট্রাফিক পরিদর্শক এর বিরুদ্ধে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধি ৪১ (১)(খ) এর (আ) মোতাবেক তার কর্তৃক সংঘটিত কর্তৃপক্ষের আর্থিক ক্ষতি মামলা নং-০১/২০১৯ এ ৫,৮৩,০৭৬.৭৭(পাঁচ লক্ষ তিরাশি হাজার ছিয়াত্তর টাকা সাতাত্তর পয়সা) টাকা এবং মামলা নং-০৪/২০২০ এ সমন্বয়পূর্বক অবশিষ্ট আর্থিক ক্ষতির অংশ অর্থাৎ (১২,৬২,৯০২.৮০-৫৮৩০৭৬.৭৭)= ৬,৭৯,৮২৬.০৩ (ছয় লক্ষ উনআশি হাজার আটশত ছাব্বিশ টাকা তিন পয়সা) টাকা তার বেতন বা অন্য কোন খাতের পাওনা হতে আদায়ের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে এ কর্তৃপক্ষের ২১-০৬-২০২৩ তারিখের যথাক্রমে ৩৭১ ও ৩৭৩ নং স্মারকে ২য় কারণ দর্শানো নোটিশ করা হয়।

যেহেতু, তাকে মামলা নং-০১/২০১৯ এবং মামলা নং-০৪/২০২০ এ ২য় কারণ দর্শানো নোটিশে অর্থ পরিশোধের জন্য বলা হলেও তিনি সময়মতো সরকারি অর্থ পরিশোধ করেননি;

যেহেতু, মামলা নং-০১/২০১৯ ও মামলা নং-০৪/২০২০ এ তার বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং উভয় মামলায় ২য় কারণ দর্শানো নোটিশে তার ১২-০৭-২০২৩ তারিখের জবাব সন্তোষজনক না হওয়ায় তার অপরাধ গুরুতর বিবেচনায় এনে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধি ৪০ (ক), (খ) ও (চ) অনুযায়ী যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ এবং চুরি ও আত্মসাতের অভিযোগ প্রমাণিত হওয়ায় একই প্রবিধানমালার প্রবিধি ৪১ (১) (খ) (ঈ) মোতাবেক তাকে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত (Dismissal from service) করার চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু এক্ষণে, মামলা নং-০১/২০১৯ এবং মামলা নং-০৪/২০২০ উভয়ক্ষেত্রে অভিযুক্ত জনাব আব্দুল কাদের জিলানী, ট্রাফিক পরিদর্শক, রামগড় স্থলবন্দর-কে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধি ৪০ (ক), (খ) ও (চ) অনুযায়ী দোষী সাব্যস্ত করে একই প্রবিধানমালার প্রবিধি ৪১ (১) (খ) (ঈ) অনুযায়ী তাকে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত (Dismissal from service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
২৭/০৮/২৩
মোঃ জিল্লুর রহমান চৌধুরী
চেয়ারম্যান
ফোন: ০২-৪১০২৫৩০০
E-mail: chairman@bsbk.gov.bd

স্মারক নং- ১৮.১৫.০০০০.০২০.১৮.০৩৬.২০. ৪৫২

তারিখ: ভাদ্র, ১৪৩০ / আগস্ট, ২০২৩

বিতরণ : সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে

১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম
৩। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, দিলকুশা বা/এ, ঢাকা
৪। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, মতিঝিল বা/এ, ঢাকা
৫। চেয়ারম্যান, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা, বাগেরহাট
৬। মহাপরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা
৭-৯। সদস্য (ট্রাফিক/অর্থ ও প্রশাসন /উন্নয়ন), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
১১-১৩। পরিচালক (হিসাব/ট্রাফিক/অডিট), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
১৪। সচিব, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
১৫। পরিচালক (ট্রাফিক), বেনাপোল স্থল বন্দর, বেনাপোল, যশোর।
১৬। উপ-পরিচালক (ট্রাফিক), ভোমরা স্থলবন্দর, সাতক্ষীরা
১৭। উপ-পরিচালক (প্রশাসন), তামাবিল স্থলবন্দর, গোয়াইনঘাট, সিলেট
১৮। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
১৯। সহকারী পরিচালক (ট্রাফিক), সোনাহাট স্থলবন্দর, কুড়িগ্রাম/ বুড়িমারী স্থলবন্দর, পাটগ্রাম, লালমনিরহাট /নাকুগাঁও স্থলবন্দর, শেরপুর/আখাউড়া স্থলবন্দর, ব্রাহ্মণবাড়িয়া/গোবরাকুড়া-কড়ইতলী স্থলবন্দর,হালুয়াঘাট, ময়মনসিংহ/রামগড় স্থলবন্দর, খাগড়াছড়ি/ধানুয়াকামালপুর স্থলবন্দর, জামালপুর/বিলোনিয়া স্থলবন্দর, ফেনী/শেওলা স্থলবন্দর, সিলেট/বাল্লা স্থলবন্দর, হবিগঞ্জ/হিলি স্থলবন্দর, দিনাজপুর /বাংলাবান্ধা স্থলবন্দর, তেঁতুলিয়া, পঞ্চগড়/বিবিরবাজার স্থলবন্দর, কুমিল্লা/ টেকনাফ স্থলবন্দর, কক্সবাজার/সোনামসজিদ স্থলবন্দর, চাঁপাইনবাবগঞ্জ।
২০। জনাব মোঃ হোসেন আলী ফয়জুল, সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
[ওয়েবসাইটে (www.bsbk.gov.bd) যথাযথভাবে প্রকাশের অনুরোধসহ]
২১। ব্যক্তিগত কর্মকর্তা কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
[চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]
২২। জনাব আব্দুল কাদের জিলানী, ট্রাফিক পরিদর্শক, রামগড় স্থলবন্দর, খাগড়াছড়ি।

ডি এম আতিকুর রহমান
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪১০২৫৩০৫
E-mail: directoradmin@bsbk.gov.bd